

103

বেসরকারী শিক্ষক/কর্মচারীদের মাসিক নিয়মিত বেতন/বোনাস প্রসঙ্গে

গত ঈদুল আজহা উপলক্ষে বেসরকারী শিক্ষক ও কর্মচারী-বৃন্দকে জুন/জুলাই-৮৭ মাসের সরকারী বেতন প্রদান করা হয়েছে। বিশুদ্ধসূত্রে জানতে পারলাম আগস্ট মাসের বেতন শিগ-গিরিই প্রদান করা হবে। ইহা আমাদের বহুদিনের প্রত্যাশা যে, মাসওয়ারী সরকারী বেতন প্রদান করা। এবার যখন ১ মাস অন্তর সরকারী বেতন/ভাতা প্রদান করার নিয়ম চালু করা হবে তব্বি-তেও যেন এই নিয়ম চালু থাকে। আমরা যারা বেসরকারী স্কুল-কলেজ ও মাদ্রাসায় নিয়োজিত আছি তাদের বহুদিনের দাবী মাসওয়ারী সরকারী বেতন-ভাতা পাবার। আশা করি কর্তৃপক্ষ আমাদের দাবী পূরণ করিবেন। বর্তমান দুমু'লোর বাজারে মাসিক বেতন প্রদান না করা হলে আমাদের দুর্ভোগের সীমা থাকবে না। এবারের প্রলয়ঙ্করী বন্যায় সারা দেশে অশেষ কতি হয়েছে। সরকারী চাকরিজীবীগণ উৎসব অনুষ্ঠান উপলক্ষে বোনাস পেয়ে থাকেন। এবার রাষ্ট্রপতি বোনা-সের পরিমাণ বর্ধিত করেছেন। আমরা যারা বেসরকারী প্রতিষ্ঠানে নিয়োজিত আছি তারা একই বাজার হতে ভ্রূষাদি ক্রয় করি। আমাদের সন্তান-সন্ততিদের নিয়ে উৎসবের দিনে একই আনন্দ করতে চাই। আমাদের ভাগ্যে বোনাস এ পর্যন্ত জোটেনি। মহামান্য রাষ্ট্রপতির নিকট আকুল আবেদন, বোনাসপ্রথা আমাদের বেলায়ও চালু করা হোক। প্রলয়ঙ্করী বন্যায় কতি হতে একটু রেহাইয়ের উদ্দেশ্যে অনতি-বিলম্বে বেসরকারী শিক্ষক-কর্ম-চারীবৃন্দের নিমিত্তে সরকারী স্বীতি অনুযায়ী বোনাস প্রদানের জন্য একান্তভাবে আবেদন জানাই ও মাসওয়ারী আমাদের বেতন-ভাতা প্রদান করা হোক।

শিও বঙ্গন বণিক
ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক
বোয়ালী উচ্চ বালিকা বিদ্যালয়।